

কাঠের হরিণ

আমাদের জানা নেই, কাঠের হরিণ
লুকিয়ে কবিতা পড়ে কিনা। জানা নেই, এতদিন
কংক্রিট জঙ্গলে থেকে সে - ও কেন শহর - বিমুখ।
সে দেখছে মরা ঘাস ? গোটা অ্যাভিনিউ জুড়ে এক
অশান্ত চিতার ছায়া ? কাঠের হরিণ, যাকে এই
কংক্রিটে মানাতো ভালো, চলে গেল দূরের জঙ্গলে।
সেখানেও মেঘ আছে, মৃত্যু আছে, হরিণ বোঝে না।
সে কেবল যেতে চায় চিতার সন্দাস থেকে দূরে;
সবুজ ঘাসের মাথা ফেঁটা ফেঁটা রক্ষে ভিজে ওঠে!

আমাদের প্রেমের কবিতা

আমাদের প্রেমের কবিতাণ্ডলি শীর্ণকায়,
অশ্রু থেকে উদ্ধৃত; বন্দরের একপাশে কাত হয়ে পড়ে থাকা
ভাঙ্গা জাহাজের মতো অস্পষ্টিজনক; প্রবল দাঁড়ের শব্দ,
দড়িদড়া, কেবিনের শেষ কারুকাজটুকু অদৃশ্য হওয়ার পরে ও যার
কাঠের মাস্তুল চায় জলোচ্ছাস, হাওয়ার দাপট, অমরতা....

সুমন জানা